

## জাতীয় শোক দিবসে ABPMC-এর প্রতিনিধিদের বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন

অস্ট্রেলিয়া বাংলাদেশ প্রেস ও মিডিয়া ক্লাবের (ABPMC) প্রতিনিধিরা গত ১৯/০৮/১৮, রবিবার, বাংলাদেশের জাতীয় শোক দিবস উপলক্ষে ইউনিভার্সিটি ওফ ওয়েস্টার্ন সিডনিতে প্রতিষ্ঠিত বাংলা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুরের আবক্ষ প্রতিকৃতিতে পুষ্প স্তবক অর্পন করেন। বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার জাতীয় দিবসগুলিকে সম্মান জানানোর এই প্রক্রিয়ায় বাঙ্গালী জাতির পিতা ও তৎকালীন রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারকে নৃশংসভাবে হত্যাকাণ্ডের এই দিনে, বাংলাদেশের জাতীয় শোক দিবসে সংগঠনের প্রতিনিধিরা এই শ্রদ্ধা জ্ঞাপন করেন ও নিরবতা পালনের মাধ্যমে এই দিনে নিহত সকলের আত্মার শান্তি কামনা করেন।

এসময় উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি বিদেশ বাংলা টিভি'র পরিচালক মোহাম্মদ রহমত উল্লাহ, সাধারণ সম্পাদক প্রবাস কণ্ঠ পত্রিকার সম্পাদক ইকবাল ইউসুফ টুটুল, মুক্তমঞ্চ পত্রিকার সম্পাদক আল নোমান শামীম, সময় টিভি'র আমিনুল ইসলাম রুবেল ও প্রশান্তিকা পত্রিকার আরিফুর রহমান ও অন্যান্যরা।

